সমকাল

তারিখ ... 15 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ৫ ...

এসএসসি পরীক্ষা

# বরিশাল বোর্ডে হিন্দুধর্ম বিষয়ে সংশোধিত ফল

■ বরিশাল ব্যুরো

বরিশাল শিক্ষা বোর্ডে ২০১৬ সালের এসএসসি পরীক্ষায় হিন্দুধর্ম বিষয়ে সংশোধিত ফল গতকাল শনিবার সন্ধ্যা সাড়ে ৭টায় প্রকাশ করা হয়েছে। বোর্ডের পরীক্ষকদের ভুলের কারণে বুধবার প্রকাশিত ফলে দুই সহস্রাধিক পরীক্ষার্থীকে অকৃতকার্য দেখানো হয়েছিল। এর মধ্যে বরিশাল নগরীর উদয়ন মাধ্যমিক বিদ্যালয়ের হৃদয় ঘোষ নামে এক পরীক্ষার্থী ধর্ম বিষয়ে অকৃতকার্য হওয়ায় বুধবার ফল জানার এক ঘণ্টার মধ্যে বহুতল ভবন থেকে লাফিয়ে পড়ে আত্মহত্যা করে। এ নিয়ে তোলপাড় সৃষ্টি হলে ফল পুনঃনিরীক্ষণ করা হয়।

বরিশাল বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মু. জিয়াউল হক সাংবাদিকদের জানান, হিন্দুধর্ম বিষয়ে পরীক্ষার্থী ছিল ১০ হাজার ৪৯২। পরীক্ষার্থীদের আবেদনের পরিপ্রেক্ষিতে পুনঃনিরীক্ষণের পর সংশোধিত ফলে এক হাজার ১৪১ পরীক্ষার্থী কৃতকার্য হয়েছে। এর মধ্যে জিপিএ ৫ নম্বর পেয়েছে ৭৯ পরীক্ষার্থী। জানা গেছে, হিন্দুধর্ম বিষয়ের নৈমিত্তিক পরীক্ষায় কম্পিউটারে 'খ' সেটের উত্তরপত্রের স্থলে 'গ' সেটের উত্তরপত্র সেটিং করা হয়। ফলে 'খ' সেটে পরীক্ষা দেওয়া সব পরীক্ষার্থীকে অকৃতকার্য দেখানো হয়েছে। এ ভুলের জন্য বোর্ড নিযুক্ত দুই প্রধান পরীক্ষক দায়ী বলে বোর্ড সূত্রে জানা গেছে। ওই পরীক্ষকদের নাম এখন পর্যন্ত বোর্ড কর্তৃপক্ষ প্রকাশ করেনি।